

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৮২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যিনি মসজিদে আসবেন, তার প্রতি নির্দেশ হলো তিনি তার জুতার প্রতি লক্ষ্য করবেন, যদি তাতে নোংরা কিছু থাকে, তাহলে তা মুছে ফেলবেন

ذِكْرُ الْأَمْرِ لِمَنْ أَتَى الْمَسْجِدَ لِلصَّلَاةِ أَنْ يَنْظُرَ فِي نَعْلَيْهِ وَيَمْسَحَ الْأَذَى عَنهُمَا إِنْ كان بهما

## আরবী

2182 \_ أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّتَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ أَبِي نَعَامَةَ السَّعْدِيِّ عَنْ أَبِي نَصْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: صلَّى بِنَا رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ فَلَمَّا صلَّى خَلَعَ نَعْلَيْهِ فَوَضَعَهُمَا عَنْ يَسَارِهِ فَخَلَعَ الْقَوْمُ نِعَالَهُمْ فَلَمَّا قَضَى صَلَاتَهُ قَالَ: (مَا لَكُمْ خَلَعْتُمْ نِعَالَكُمْ)؟ قَالُوا: رَأَيْنَاكَ خَلَعْتَ فَخَلَعْنَا قَالَ:

(إني لم أخلعها مِنْ بَأْسٍ وَلَكِنَّ جِبْرِيلَ أَخْبَرَنِي أَنَّ فِيهِمَا قَذَرًا فَإِذَا أَتَى أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيَنْظُرْ فِي نعليه فإن كان فيهما أذى فليمسحه)

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2182 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (657).

## বাংলা

২১৮২. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে সালাত আদায় করেন, যখন তিনি সালাত আদায় করেন, তখন তিনি জুতা দুটি খুলে তাঁর বাম পাশে রাখেন। এটা দেখে লোকজনও তাদের জুতা খুলে ফেলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাত সম্পন্ন করেন, তখন বলেন, "কী ব্যাপার, তোমরা জুতা খুলেছো কেন?" জবাবে তাঁরা বলেন, "আমরা আপনাকে খুলতে দেখে আমাদের জুতা খুলেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "জুতা পরিধান করা দুষনীয়- এজন্য আমি জুতা খুলি নাই। বরং জিবরীল ফেরেস্তা আমাকে জানান যে, জুতায় নাপাকী রয়েছে



(এজন্য জুতা খুলে রেখেছি)। যখন তোমাদের কেউ মাসজিদে আসে, তখন যেন তার জুতার প্রতি লক্ষ্য করে, যদি তাতে ময়লা থাকে, তবে সে যেন তা মুছে ফেলে।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১০১৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪১৭; আত তায়ালিসী: ২১৫৪; মুসনাদ আহমাদ: ৩/২০; আবূ দাউদ: ৬৫০; দারেমী: ১/৩২০; সুনান বাইহাকী: ২/৪৩১; আবূ ইয়ালা: ১১৯৪; হাকিম: ১/২৬০; মুসান্নাফ আব্দুর রায্যাক: ১৫১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন